...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা

## শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শেখ রাসেল হাসান<br>জেলা প্রশাসক, সিলেট। |
| সভার তারিখ | ১২ অক্টোবর ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালের ১৫ আগস্টে শাহাদত বরণকারী সকল শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। সভায় বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভায় জানানো হয়, মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৪৩ নম্বর পরিপত্র অনুযায়ী প্রতি বছর ১৮ অক্টোবর বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মবার্ষিকী ‘ক’ শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভায় সার্বিক আলোচনা শেষে শেখ রাসেলের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ১৮ অক্টোবর ২০২৩ সকাল ৮.০০ টা | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ | ১.অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। |
| ২. | ১৮ অক্টোবর ২০২৩ সকাল ৮.৪৫ টা | বর্ণাঢ্য র‌্যালি আয়োজন | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ হতে বন্দর বাজার-চৌহাট্টা হয়ে নগরীর রিকাবীবাজারস্থ কবি নজরুল অডিটোরিয়াম | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট।<br>২. দপ্তর প্রধান (সকল), সিলেট। |
| ৩. | ১৮ অক্টোবর ২০২৩ সকাল ৯.০০ টা | শেখ রাসেলের জীবনী নিয়ে আলোচনা সভা ও ভিডিওচিত্র প্রদর্শন। | কবি নজরুল অডিটোরিয়াম | ১.অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট।<br>২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট। |
| ৪. | ১৮ অক্টোবর ২০২৩ কেন্দ্রীয় সময়সূচি অনুযায়ী | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | কবি নজরুল অডিটোরিয়াম, জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট।<br>২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।<br>৩. জেলা শিক্ষা অফিসার, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | ১৮ অক্টোবর ২০২৩ সকাল ১১.০০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | কবি নজরুল অডিটোরিয়াম | জেলা কালচারাল অফিসার, সিলেট। |
| ৬. | ১৮ অক্টোবর ২০২৩ সুবিধাজনক সময়ে | চিত্রাংকন এবং রচনা প্রতিযোগিতা আয়োজন। | জেলা শিশু একাডেমি | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট। |
| ৭. | ১৮ অক্টোবর ২০২৩ সুবিধাজনক সময়ে | প্রিয় শেখ রাসেল বিষয়ক প্রেজেন্টেশন প্রতিযোগিতা। | জেলা পর্যায়ের সুবিধাজনক শেখ রাসেল ডিজিটাল ল্যাব | ১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট। |
| ৮. | ১৮ অক্টোবর ২০২৩ সুবিধাজনক সময়ে | শ্রেষ্ঠ শেখ রাসেল ল্যাব নির্বাচন ও পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ। | কবি নজরুল অডিটোরিয়াম | ১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।<br>২. জেলা শিক্ষা অফিসার, সিলেট। |
| ৯. | ১২-১৮ অক্টোবর ২০২৩ সুবিধাজনক সময়ে | প্রচার ও ব্রান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও, পোস্টার, লিফলেট, প্রজেক্টর, ডিজিটাল বিলবোর্ড ও স্থানীয় মিডিয়ার মাধ্যমে প্রচার। | সিলেট সিটি কর্পোরেশনের ডিজিটাল বিলবোর্ডসমূহ, শহরের গুরুত্বপূর্ণ স্থান ও সরকারি দপ্তরের সম্মুখে | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক।<br>২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।<br>৩. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট।<br>৪. প্রতিনিধি, সিলেট ক্যাবল সিস্টেম লিঃ। |
| ১০. | ১৮ অক্টোবর ২০২৩ সুবিধাজনক সময়ে | (ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রেরিত নির্দেশনা বাস্তবায়ন।<br>(খ) শিক্ষকবৃন্দ কর্তৃক প্রত্যেক ক্লাসে ছাত্র-ছাত্রীদের শেখ রাসেলের জীবনী পাঠ করে শুনানো।<br>(গ) শেখ রাসেলের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট।<br>২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।<br>৩. জেলা শিক্ষা অফিসার, সিলেট।<br>৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট। |
| ১১. | ১৮ অক্টোবর ২০২৩ | সিলেট জেলার সকল সরকারি দপ্তর/অফিসে একই ডিজাইনের 'শেখ রাসেল দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়' শিরোনামে ড্রপডাউন ব্যানার টাঙ্গানো। | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১. দপ্তর প্রধান (সকল), সিলেট জেলা।<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | ১৮ অক্টোবর ২০২৩ | শেখ রাসেলের রুহের মাগফেরাত কামনা করে প্রত্যেক মসজিদ (বাদ জোহর) এবং মন্দিরে (সুবিধাজনক সময়ে) দোয়া ও বিশেষ প্রার্থনা আয়োজন। | ধর্মীয় প্রতিষ্ঠান | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট।<br>২. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট।<br>৩. সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সিলেট।<br>৪. সভাপতি/সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রীস্টান ঐক্য পরিষদ, সিলেট জেলা/মহানগর, সিলেট। |
| ১৩. | ১৮ অক্টোবর ২০২৩ | জেলার কর্মসূচির সাথে সংগতি রেখে উপজেলা পর্যায়ে স্ব স্ব কর্মসূচি উদ্‌যাপন। | উপজেলাসমূহ | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। |
| ১৪. | ১৮ অক্টোবর ২০২৩ | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রে দিবসের সাথে সংগতিপূর্ণ বিভিন্ন কর্মসূচি গ্রহণ। | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | ১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।<br>২. উপ-প্রকল্প পরিচালক, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সিলেট। |

২। শেখ রাসেল দিবস উদযাপনের র‍্যালি ও আলোচনা সভাসহ সকল ভেন্যুতে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৩। শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে র‍্যালিতে পুলিশ বাদক দল প্রেরণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ও পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৪। শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কবি নজরুল অডিটোরিয়ামে অনুষ্ঠেয় আলোচনা সভায় বিশুদ্ধ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন বরাবর অনুরোধ জানিয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম প্রস্তুত রাখার জন্য সিভিল সার্জন, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৬। শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কবি নজরুল অডিটোরিয়ামে অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৭। সকল এনজিও এবং এনজিও কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করতে হবে।

৮। র‍্যালিতে শৃংঙ্খলা বজায় রাখার জন্য স্কাউটস সদস্যের উপস্থিতি নিশ্চিতকরণে সাধারণ সম্পাদক, জেলা ও মহানগর স্কাউট/রোভার স্কাউট, বিএনসিসি, গার্লস গাইড, সিলেটকে অনুরোধ করা হয়।

৯। সভাপতি আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখে শেখ রাসেলের জন্ম বার্ষিকী ‘ক’ শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদযাপন নিশ্চিত করতে সার্বিক নিরাপত্তা বিধানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০০৫.২১.৮৮৯ তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০

১৬ অক্টোবর ২০২৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।

৩) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।

৪) প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন।

৫) পুলিশ সুপার, সিলেট।

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

৭) সিভিল সার্জন, সিলেট।

৮) উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

৯) ..............................................................................., সিলেট।

১০) নির্বাহী প্রকৌশলী ........................................................... (সকল), সিলেট।

১১) চেয়ারম্যান ....................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট।

১২) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট।

১৩) পরিচালক/আঞ্চলিক পরিচালক/উপপরিচালক, ............................................................. (সকল), সিলেট।

১৪) জেলা .................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট।

১৫) সহকারী পরিচালক......................................................................(সকল), সিলেট।

১৬) উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক,................................................................., সিলেট।

১৭) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট। (জেলা প্রশাসনের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য)

১৮) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা আওয়ামীলীগ।

১৯) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট মহানগর আওয়ামীলীগ।

২০) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা ইউনিট কমান্ড/মহানগর ইউনিট কমান্ড সিলেট।

২১) জনাব......................................................................., সিলেট।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।